



মেমো নং: ১৭৫৪/শা- ২(ক)/প.

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩২  
০৪ ডিসেম্বর ২০২৫

- ১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
- ২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষীবাজার, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

**বিষয়: ২০২৪ সনের ৩য় বর্ষ সম্মান নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরমপূরণের ১৭৪৯/শা- ২(ক)/প. বিজ্ঞপ্তির বর্ধিত অংশ।**  
২০২৪ সনের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের শর্তবলীর ক্ষেত্রে ০৩-১২-২০২৫ তারিখের ডিন্স কমিটির সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**পরীক্ষায় অংশগ্রহণের শর্তবলী:****নিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

২০২৩ সনের ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত/ অনিয়মিত হিসেবে অংশগ্রহণ করে অকৃতকার্য/ নট-প্রমোটড বিজ্ঞান অনুষদের যে সকল শিক্ষার্থীর সর্বোচ্চ ০৬টি পত্রে "F" গ্রেড এবং অন্যান্য অনুষদের যে সকল শিক্ষার্থীর সর্বোচ্চ ০৪টি পত্রে "F" গ্রেড রয়েছে সে সকল শিক্ষার্থীরাও ২০২৪ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

২০১৯-২০, ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যেসকল শিক্ষার্থী ২য় বর্ষ সম্মান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০২২, ২০২৩ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২০২৪ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও ২০১৭-১৮, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইত:মধ্যে ২য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ তারাও পুন:ভর্তি হয়ে ২০২৪ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে জরিমানা (ফরম পূরণের ফি এর অতিরিক্ত) প্রদান সাপেক্ষে অংশগ্রহণ করতে পারবে। এখানে উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ের নিয়ম শীথিল করে অধিভুক্ত সরকারি সাত কলেজের শিক্ষার্থীদের (২০১৭-১৮, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের) ক্ষেত্রে ৩য় বর্ষে পুন:ভর্তি হওয়ার এটাই শেষবারের মতো সুযোগ দেওয়া হয়েছে অর্থাৎ পরবর্তী অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় বিশ্ববিদ্যালয়ের নীতিমালা (কোনো শিক্ষার্থীকে ০৬ শিক্ষাবর্ষের মধ্যে অনার্স ডিগ্রি সম্পন্ন করতে হবে) অনুসরণ করা হবে।

যে সকল শিক্ষার্থী ইত:মধ্যে ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের মধ্যে যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ (০৬ শিক্ষাবর্ষ) শেষ হয়েছে তারা ৩য় বর্ষের শুধুমাত্র "F" গ্রেড/ অনুপস্থিত পত্র/পত্রসমূহে ২৫০০/- টাকা জরিমানা (ফরমপূরণের অতিরিক্ত) প্রদান সাপেক্ষে অংশগ্রহণ করতে পারবে।

এছাড়াও ২০২৪ সনের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে ৩১-০৮-২০২৫ তারিখের অধিভুক্ত সরকারি সাত কলেজের সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনাকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সনের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় যে সকল শিক্ষার্থী পুন:ভর্তি (শিক্ষাবর্ষের মেয়াদ উত্তীর্ণ হওয়ায়) হয়ে অনিয়মিত হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদের জরিমানা (টাইমবার্ড এর জরিমানা) নিম্নরূপ অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ক্র. নং	শিক্ষাবর্ষ	পরীক্ষার নাম	টাইম বার্ড	জরিমানার পরিমাণ
০১	২০১৭-২০১৮	৩য় বর্ষ ২০২৪	২ বছর	২,৫০০X ২ = ৫,০০০/-
০২	২০১৮-২০১৯	৩য় বর্ষ ২০২৪	১ বছর	২,৫০০X ১ = ২,৫০০/-

আপনার বিশ্বস্ত

(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

ঢাকা বিশ্ববিদ্যালয়

Email: examcontrollera7c@du.ac.bd

04 DEC 2025

04.12.25